# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ তুরবায়ে মুহাম্মাদী বা রাসূলুল্লাহ ﷺ-এর সৃষ্টির মাটি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

১৯. রাসূলুল্লাহ ﷺ, আবূ বাকর ও উমার (রা) একই মাটির

রাসূলুল্লাহ (ﷺ)-এর নূর নিয়ে যেমন অনেক বানোয়াট, ভিত্তিহীন ও মিথ্যা কথা প্রচলিত হয়েছে, তেমনি তাঁর সৃষ্টির মাটি বিষয়েও কিছু কথা বর্ণিত হয়েছে। একটি হাদীসে বর্ণিত হয়েছে:

إن الله خَلَقَنِي وخَلَقَ أَبَا بَكْرٍ وَعُمَرَ مِنْ تُرْبَةٍ وَاحِدَةٍ، وَفِيْهَا نُدْفَنُ

“মহান আল্লাহ আমাকে, আবূ বাকরকে ও উমারকে একই মাটি থেকে সৃষ্টি করেছেন এবং সে মাটিতেই আমাদের দাফন হবে।”

হাদীসটি বিভিন্ন সনদে বর্ণিত। প্রত্যেকটি সনদই দুর্বল। ইবনুল জাওযী একটি সনদকে ‘জাল’ ও অন্যটিকে অত্যন্ত দুর্বল বলে উল্লেখ করেছেন। পক্ষান্তরে সুয়ূতী, ইবনু আর্রাক, তাহির পাটনী প্রমুখ মুহাদ্দিস উল্লেখ করেছেন যে, এ দুটি সনদ ছাড়াও ‘হাদীসটি’ আরো কয়েকটি দুর্বল সনদে বর্ণিত হয়েছে। এ সকল সনদে দুর্বল রাবী থাকলেও মিথ্যায় অভিযুক্ত নেই। কাজেই সামগ্রিকভাবে হাদীসটি ‘হাসান’ বা গ্রহণযোগ্য বলে গণ্য।[1]

## ফুটনোট

[1] ইবনু আদী, আল-কামিল ৭/১৫০; খতীব বাগদাদী, তারীখ বাগদাদ ২/৩১৩; দাইলামী, আল-ফিরদাউস ৩/২৪৯, ৪/২৯; ইবনুল জাওযী, আল-মাউদূ‘আত ১/২৪৪, ২৪৫; আল-ইলাল আল-মুতানাহিয়া ১/১৯৮; যাহাবী, মীযানুল ই’তিদাল ৬/৫৪৩, ৭/২৭৬; ইবনু হাজার, লিসানুল মীযান ৬/১২০, ৩০৬; সুয়ূতী, আল-লাআলী ১/৩০৯-৩১০; ইবনু আর্রাক, তানযীহ ১/৩৪৯, ৩৭৩-৩৪৭; তাহির পাটনী, তাযকিরা, পৃ. ৯৩-৯৪; শাওকানী, আল-ফাওয়াইদ ২/৪২৮-৪২৯।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4811

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন